



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১০নং রায়পুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

পো: আশ্রাফগঞ্জ, রায়পুর, লক্ষ্মীপুর।

ফোন: ০১৭৮০৩৫১৫২৫, ০১৮১১-৬৩২৮১৭

Email: raipur10noup@gmail.com

উন্নয়নের গণতন্ত্র

শেখ হাসিনার মূলমন্ত্র

তারিখ : ১৫/১০/২০২১ ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

ইউনিয়নে বিদ্যমান সকল সরকারী ও বেসরকারী টিউবওয়েল গুলোর (Existing Tubewell) পানির আর্সেনিক পরীক্ষার নিমিত্তে একটি জরিপ কার্যক্রম পরিচালিত হবে। জরিপ কাজে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত জনবলকে সহায়তার জন্য প্রতি ইউনিয়নে ৬ (ছয়) জন করে নলকূপ পরীক্ষক/তথ্য সংগ্রাহক' (Tester) উক্ত কাজের জন্য সম্পৃক্ত করা হবে। ১০ নং রায়পুর ইউনিয়নে দুই সদস্য বিশিষ্ট ৩ (তিন) টি দল অর্থাৎ মোট ৬ (ছয়) জনকে Tester হিসেবে সম্পৃক্ত করা হবে। ৬ জন ৩ (তিন) টি দল কাজ করবে। প্রতিটি দলে একজন করে নারী সদস্য অগ্রাধিকার পাবে। নিম্নলিখিত শর্তে যুব/যুব মহিলা এবং ছাত্র-ছাত্রীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা হচ্ছেঃ

শর্তাবলীঃ ১. সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সম্পৃক্ত করা হবে।

২. সংশ্লিষ্ট ১০নং রায়পুর ইউনিয়নের স্থায়ীভাবে বসবাসকারী হতে হবে।

৩. বয়স সর্বোচ্চ (৩০) বছরের মধ্যে হতে হবে।

৪. জাতীয় পরিচয়পত্র থাকতে হবে।

৫. শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এইচ.এস.সি/ সমমানের হতে হবে।

৬. মাথেষ্ট পরিমাণ RAM বিশিষ্ট ও এন্ড্রয়েড ৬.০ বা তদুর্ধ্ব ভার্সনের নিজস্ব স্মার্টফোন থাকতে হবে।

৭. স্মার্টফোন ব্যবহারে দক্ষ হতে হবে। (যেমনঃ Email, Maps, Google Docs. Gps Reading, Messenger, Whatsapp ইত্যাদি)

৮. দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৯. সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।

১০. প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়নের যে কোন ওয়ার্ডে কাজ করার মনমানসিকতা থাকতে হবে।

১১. কর্মদক্ষতার উপর ভিত্তি করে প্রকল্পের মেয়াদ থাকাকালীন সময়ে উক্ত পদের মেয়াদ বাড়তে পারে অথবা কমতে পারে।

১২. ভুয়া বা অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩. নিয়োগ সংক্রান্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

পদের নামঃ “নলকূপ পরীক্ষক/তথ্য সংগ্রাহক (Tester)



গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার

১০নং রায়পুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

পো: আশ্রাফগঞ্জ, রায়পুর, লক্ষ্মীপুর।

ফোন: ০১৭৮০৩৫১৫২৫, ০১৮১১-৬৩২৮১৭

Email: raipur10noup@gmail.com

উন্নয়নের গণতন্ত্র

শেখ হাসিনার মূলমন্ত্র

তারিখ : ১৫/১০/২০২১ ইং

পদের সংখ্যাঃ প্রতি ইউনিয়নে ৬ জন। তিনজন পুরুষ এবং তিনজন মহিলা। আবেদনের পদ্ধতি নির্ধারিত ফরম স্বহস্তে /কম্পোজ করে পূরণপূর্বক নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করে ১০ নং রায়পুর ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টারে অফিস চলাকালীন সময়ের মধ্যে জমা দিতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্রসমূহঃ

১. নির্ধারিত ফরম।
২. জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।
৩. শিক্ষাগত যোগ্যতার সকল সনদের অনুলিপি।
৪. সদ্য তোলা (০২) দুই কপি পাসপোর্ট সাইজ ও দুই কপি স্ট্যাম্প সাইজ রঙিন ছবি।
৫. জাতীয়তার সনদ।

আবেদনপত্র প্রাপ্তির স্থানঃ

আবেদনপত্র ১০নং রায়পুর ইউনিয়ন পরিষদের ওয়েবসাইট (raipurup.lakshmipur.gov.bd) অথবা অফিসিয়াল ফেইসবুক পেইজ www.facebook.com/raipur10noup থেকে সংগ্রহ করা যাবে।

আবেদনের ফিঃ আবেদনের জন্য কোন প্রকার ফি নেই।

আবেদন জমাদানের শেষ তারিখঃ ২৭/১০/২০২১ খ্রিঃ

সম্মানীঃ

১. প্রতিটি নলকূপের পানির আর্সেনিক পরীক্ষা, GPS রিডিং গ্রহণ, নলকূপ রংকরণ (লাল ও সবুজ) ও তথ্যসংগ্রহের জন্য দলপ্রতি ১০০/- টাকা সম্মানী প্রদান করা হবে।
২. নলকূপের পানির আর্সেনিক পরীক্ষার ফলসহ অন্যান্য তথ্য পূর্ব নির্ধারিত ছকে পূরণ পূর্বক জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের স্থানীয় দপ্তরের মাধ্যমে ঢাকাস্থ "পানি সরবরাহ আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে। আর্সেনিক পরীক্ষার ফলাফল প্রকল্প কর্তৃক প্রেরিত অ্যাপসের মাধ্যমে নিদিষ্ট নম্বরে প্রেরণ করতে হবে। আর্সেনিক পরীক্ষা এবং GPS রিডিং এর জন্য নির্বাচিত "নলকূপ পরীক্ষক। তথ্য সংগ্রাহক (Tester)" কে প্রশিক্ষণ দেওয়া হবে।
৩. প্রতিটি সঠিক Valid তথ্য ও প্লাসেনিক পরীক্ষার রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে উল্লিখিত হারে "নলকূপ পরীক্ষক তথ্য সংগ্রাহক (Tester)" এর সম্মানী প্রকল্প সাং স্থান হতে প্রদান করা হবে। প্রার্থী বাছাই পদ্ধতি সম্ভাব্য প্রার্থীদেরকে একটি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে নিয়োগের জন্য বিবেচনা করা হবে।

মৌখিক পরীক্ষার তারিখঃ ২৮/১০/২০২১ ইং

সফিউল আজম
চেয়ারম্যান, ১০নং রায়পুর ইউনিয়ন পরিষদ।
রায়পুর, লক্ষ্মীপুর।